# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৫৪

১/ বিবিধ

আরবী

من سأل القضاء وكل إلى نفسه، ومن أجبر عليه ينزل الله عليه ملكا فيسدده

ضعيف

أخرجه أبو داود (3578) والترمذي (1/248) والحاكم (4/92) والبيهقي (10/100)
وأحمد (3/118 و220) من طرق عن إسرائيل عن عبد الأعلى عن بلال بن أبي موسى
عن أنس بن مالك قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره
وقال الترمذي
هذا حديث حسن غريب وقال الحاكم
صحيح الإسناد . ووافقه الذهبي
كذا، وعبد الأعلى هذا هو ابن عامر الثعلبي ضعيف، أورده الذهبي نفسه في " الضعفاء
" وقال
" ضعفه أحمد وأبو زرعة "
وقال الحافظ في التقريب
" صدوق يهم "
قلت: ومع ضعفه، فقد اضطرب في إسناد هذا الحديث، فرواه إسرائيل عنه كما تقدم
وقال أبو عوانة: عن عبد الأعلى عن بلال بن مرداس الفزاري عن خيثمة البصري عن
أنس
علقه أبو داود، ووصله البيهقي والترمذي وقال

" هو أصح من حديث إسرائيل عن عبد الأعلى "
قلت: كأنه يعني أن أبا عوانة واسمه الوضاح بن عبد الله اليشكري، أحفظ من إسرائيل وهو ابن يونس بن أبي إسحاق، ولست أشك في ذلك، ولكن عبد الأعلى هذا ليس بالحافظ الضابط؛ حتى إذا اختلف عليه في الإسناد صرنا إلى الترجيح! كلا، بل الصواب أن نجعل اختلاف الثقات عليه دليلا على ضعفه هو، وأنه لم يضبط الإسناد. والله أعلم

বাংলা

১১৫৪। যে ব্যক্তি বিচারের দায়িত্ব চেয়ে নিবে তার দায়দায়িত্ব তার নিজের উপরে চাপিয়ে দেয়া হবে। আর যে ব্যক্তিকে বিচারের দায়িত্বভার জোর করে প্রদান করা হবে তার নিকটে আল্লাহ্ তা'আলা একজন ফেরেশতা নাযিল (প্রেরণ) করবেন সে তাকে সঠিক পথে পরিচালিত করবে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি আবু দাউদ (৩৫৭৮), তিরমিযী (১৩২৩), ইবনু মাজাহ (২৩০৯), হাকিম (৪/৯২), বাইহাকী (১০/১০০) ও আহমাদ (১১৭৭৪) বিভিন্ন সূত্রে ইসরাঈল হতে, তিনি আব্দুল আ'লা হতে, তিনি বিলাল ইবনু আবী মূসা হতে ... বর্ণনা করেছেন।

ইমাম তিরমিযী বলেনঃ হাদীসটি হাসান গারীব। হাকিম বলেনঃ হাদীসটির সনদ সহীহ। হাফিয যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন।

অথচ হাফিয যাহাবী নিজেই বর্ণনাকারী আব্দুল আ'লাকে "আয-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তাকে ইমাম আহমাদ ও আবু যুর'য়াহ্ দুর্বল আখ্যা দিয়েছেন।

হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী, তবে সন্দেহ পোষণ করতেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি দুর্বল হওয়া সত্ত্বেও এ হাদীসটির সনদে ইযতিরাব সংঘটিত হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72033

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন